



## অতিরিক্ত আইজিপি হলেন ডিআইজি রেজাউল করিম মল্লিক



অতিরিক্ত আইজিপি হলেন ঢাকা রেঞ্জ ডিআইজি রেজাউল করিম। ছবি: সংগৃহীত

ঢাকা রেঞ্জের উপমহাপরিদর্শক (ডিআইজি) রেজাউল করিম মল্লিককে অতিরিক্ত আইজিপি পদে পদোন্নতি দেওয়া হয়েছে।

ঢাকা রেঞ্জ পুলিশের অফিসিয়াল ফেসবুক পেজে বৃহস্পতিবার প্রকাশিত এক পোস্টে এ তথ্য জানানো হয়।

পোস্টে বলা হয়, “অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকা রেঞ্জের সম্মানিত ডিআইজি জনাব মো. রেজাউল করিম মল্লিক আজ ৪ জুন ২০২৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের এক আদেশে অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (অতিরিক্ত আইজিপি) পদে পদোন্নতি লাভ করেছেন। এই অর্জনে ঢাকা রেঞ্জ পুলিশ পরিবারের সকল পর্যায়ের সদস্য আন্তরিকভাবে আনন্দিত ও গর্বিত।”

পোস্টে আরও জানানো হয়, “আমরা পরম করুণাময়ের নিকট তার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং পেশাগত জীবনের ধারাবাহিক সাফল্য ও সমৃদ্ধি কামনা করি। তার নেতৃত্বে ঢাকা রেঞ্জ ও বাংলাদেশ পুলিশ দেশ ও জাতির সেবায় আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা বিশ্বাস করি।”